# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 03 May, 2025

লালমনিরহাটের পাটগ্রাম পৌরসভা এলাকায় ফুটপাত থেকে অবৈধ দোকান উচ্ছেদ অভিযান করতে গিয়ে হেনস্তার শিকার হন ইউএনও জিল্লুর রহমান।

শনিবার (৩ মে) দুপুরে পৌরসভার পশ্চিম চুড়াঙ্গী এলাকায় এমন ঘটনা ঘটে।হেনস্তার শিকার ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় বাঁধার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে তোলপাড় শুরু হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, পাটগ্রাম উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জিল্লুর রহমান লালমনিরহাট - বুড়িমারী মহাসড়কসহ গুরুত্বপূর্ণ সড়কের দু'পাশের ফুটপাতে গড়ে ওঠা অবৈধ দোকানগুলো উচ্ছেদের অভিযান ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।পৌরসভার পশ্চিম চৌরঙ্গী এলাকায় অভিযান পরিচালনা করার সময় কয়েকজন ব্যবসায়ী সংঘবদ্ধ হয়ে ইউএনও জিল্লুর রহমান এর সাথে কথা কাটাকাটি শুরু করেন।ইউএনও ব্যবসায়ীদের শান্ত হতে বললে উল্টো দুই একজন ব্যবসায়ী ইউএনও জিল্লুর রহমানকে ধাক্কা দেয় এবং ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় বাঁধা দিতে থাকে।

এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে মুহূর্তে মধ্যে ভাইরাল হয়ে যায়। শুরু হয় সমালোচনার ঝড়। নেটিজেনরা এ ঘটনায় দায়ী ব্যক্তিদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

পাটগ্রাম উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জিল্লুর রহমান জানায়, এটা নতুন নয়, এর

আগেও তারা সরকারী কাজে বাঁধা দিয়েছেন।অভিযান পরিচালায় যা ঘটেছে তা তিনি তার উর্দ্ধতন কর্মকর্তাকে জানিয়েছেন এবং আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

লালমনিরহাট অতিরিক্ত জেলা প্রশাসক মাহবুবুর রহমান  জানান, তিনি বিষয়টি ইতোমধ্যে অবগত হয়েছেন।সরকারী কাজে বাঁধা দেয়ার কোনো সুযোগ নেই।উর্দ্ধতন কর্মকর্তার সাথে কথা বলে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে ।

ভ্রাম্যমাণ আদালত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:58

URL: https://www.timestodaybd.com/rangpur/1843486135